# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস

২০এ জানুয়ারি

১৯৭৪

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

প্রতিষ্ঠাতৃ-দিবস, ২০এ জানুয়ারি ১৯৭৪

**১৮১৭ খ্রীস্টাব্দের ২০এ** জানুয়ারি প্রেসিডেন্সি কলেজের আরম্ভ দিবস। ভারতবর্ষে ইংরেজী শিক্ষা এবং আধুনিক মূল্যমানের সূচনা হয়েছিল সেদিন। সেদিন হিন্দু কলেজের নতুন শিক্ষাবিধি সৃষ্টি করেছিল কত আশা, কত উৎসাহ, আবার কত সংশয়। নানা ঘাতপ্রতিঘাতের মধ্য দিয়ে হিন্দু কলেজের জয়যাত্রা। সে যাত্রা সার্থক হয়েছে নব ভারত সৃষ্টিতে, নতুন যুগের ছাত্র ও নতুন যুগের নেতাদের অভ্যুদয়ে, যুগে-যুগান্তরে জাতীয় ইতিহাসের পটপরিবর্তনে আমাদের এই কলেজের নেপথ্য ভূমিকায়। আজ আমরা শ্রদ্ধা নিবেদন করি ডেভিড হেয়ার, রাজা রামমোহন রায়, বৈদ্যনাথ মুখোপাধ্যায়, স্যার এডওয়ার্ড হাইড ঈস্ট, জোসেফ ব্যারেটো, জে এইচ হ্যারিংটন, লেফটেন্যান্ট-কর্নেল ফ্রান্সিস আরভিন প্রভৃতি বরেণ্য ব্যক্তিদের—যাঁদের উদ্যোগে স্থাপিত হয়েছিল এই ঐতিহ্যমণ্ডিত শিক্ষায়তনটি।

সেদিন এর নাম ছিল হিন্দু কলেজ। যুগের প্রয়োজনে হিন্দু কলেজই ১৮৫৫ খ্রীস্টাব্দে রূপান্তরিত হ'ল প্রেসিডেন্সি কলেজে। হিন্দু স্কুল নামে পৃথক শিক্ষায়তনটি পুরাতন হিন্দু কলেজের জুনিয়র ডিপার্টমেন্টের স্মৃতি বহন করছে।

আজ আবার ভারতবর্ষের ইতিহাসের নতুন অধ্যায় রচিত হ'তে চলেছে। শিক্ষার প্রসার ঘটছে, শিক্ষানীতির হচ্ছে পরিবর্তন, গভীরতার সঙ্গে ঘটছে ব্যাপ্তি। ছাত্রদের মনে আজ নতুন জিজ্ঞাসা, শিক্ষকদের মধ্যে নব নব অনুসন্ধিৎসা। প্রেসিডেন্সি কলেজের প্রয়োজনের পরিধি ক্রমেই বেড়ে যাচ্ছে। কলেজের বিভিন্ন বিভাগ, তাদের গুরুত্বও ক্রমবর্ধমান। এসব বিভাগে শিক্ষক পদ অপূর্ণ থাকা বাঞ্ছনীয় নয়, শিক্ষাদান প্রসঙ্গে নানা উপকরণের প্রয়োজনও উপেক্ষিত থাকা কাম্য নয়। এই কলেজে সকল বিভাগে বিধিবদ্ধ স্নাতকোত্তর অধ্যাপনা প্রবর্তনে আর বিলম্ব করাও চলে না। কলকাতা বিশ্ববিদ্যালয়-সম্পর্কিত আলোচনায় নিযুক্ত ইউ জি সি কমিটির কাছে এবার আমাদের কলেজ যাতে অটোনোমাস কলেজ হিসাবে স্বীকৃতি পায়, কলেজের পক্ষ থেকে সে বিষয়ে বিশদ তথ্যাদি দেওয়া হয়েছে, স্নাতকোত্তর অধ্যয়ন-অধ্যাপনার সুযোগ থেকে কোন বিভাগই বঞ্চিত হওয়া উচিত নয়,—এ বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

### বিভিন্ন পরীক্ষার ফল

কলেজের ছাত্রসংখ্যা বর্তমানে মোট ১,০৬৭। এই সংখ্যার মধ্যে ছাত্রীদের সংখ্যা ৪০৯। ৬৬৭ জন ছাত্রছাত্রী বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারী বৃত্তি পেয়েছেন। এঁদের মধ্যে অসচ্ছল অথচ মেধাবী ব'লে ৪৮৫ জন ছাত্রছাত্রী বৃত্তি পেয়েছেন। ১৯ জন ছাত্রছাত্রীকে ন্যাশনাল সায়ান্স ট্যালেন্ট সার্চ বৃত্তি দেওয়া হয়েছে। এ ছাড়া ৩ জন ছাত্রকে জগদীশ বোস ন্যাশনাল সায়ান্স ট্যালেন্ট সার্চ বৃত্তি দেওয়া হয়েছে।

### কয়েকটি উল্লেখযোগ্য ফল

ইংরেজী বিভাগের একজন ছাত্রী স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণী পেয়েছেন।

ভূতত্ত্ব বিভাগের ১৯৭১ সালের এম এস-সি পরীক্ষায় প্রথম শ্রেণী পেয়েছেন তিনজন, এবং বি এস-সি পার্ট টু পরীক্ষায় প্রথম শ্রেণী পেয়েছেন সাতজন ছাত্র।

সংখ্যাতত্ত্ব বিভাগের একজন ছাত্র পার্ট ওয়ান পরীক্ষায় প্রথম শ্রেণী পেয়েছেন।

গণিত বিভাগের প্রথম শ্রেণী পেয়েছেন দু'জন ছাত্র, পার্ট ওয়ান পরীক্ষায় প্রথম শ্রেণী পেয়েছেন তের জন।

পদার্থতত্ত্ব বিভাগে এম এস-সি-তে ছ'জন প্রথম শ্রেণী পেয়েছেন, বি এস-সি পার্ট টু পরীক্ষায় পেয়েছেন তেইশ জন, পার্ট ওয়ান পরীক্ষায় সাত জন।

উদ্ভিদতত্ত্ব বিভাগের বি এস-সি পরীক্ষায় একজন ছাত্র প্রথম শ্রেণী পেয়েছেন।

ভূগোল বিভাগের একজন ছাত্র প্রথম শ্রেণী পেয়েছেন। পার্ট ওয়ান পরীক্ষায় দু'জন প্রথম শ্রেণী পেয়েছেন। এম এস-সির একজন ছাত্র প্রথম শ্রেণী পেয়েছেন।

রসায়ন বিভাগের সতেরো জন ছাত্র বি এস-সি-তে প্রথম শ্রেণী পেয়েছেন এবং এম এস-সি-তে পেয়েছেন দু'জন ছাত্র।

অর্থনীতি বিভাগের এম এ ক্লাসের দু'জন ছাত্র প্রথম শ্রেণী পেয়েছেন; একজন দ্বিতীয়, অন্যজন তৃতীয় হয়েছেন।

## অধ্যাপক মণ্ডলীর পরিবর্তন ও অন্যান্য সংবাদ

এ বছর ১লা মে অধ্যাপক এডওয়ার্ড এফ ওটেন পরলোকগমন করেন। এই কলেজে ইতিহাস বিভাগে ১৯০৯ থেকে ১৯২৪ সাল পর্যন্ত তিনি অধ্যাপনাকর্মে নিযুক্ত ছিলেন, পরে ১৯২৪ সাল থেকে ১৯২৯ সাল পর্যন্ত ডিরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন হিসাবে কার্য করেন।

রসায়ন বিভাগে অধ্যাপক শ্রী এ মৈত্র ২রা অগাস্ট লোকান্তরিত হয়েছেন।

ডক্টর শ্রীঅশীন দাশগুপ্ত এই কলেজে ইতিহাস বিভাগে যোগদান করেন নি। তাঁর পদ এখনো শূন্য। অধ্যাপক শ্রীগোপাললাল চক্রবর্তীকে জুলাই মাস থেকে সরকার ছ' মাসের জন্যে পুনর্নিয়োগ অনুমোদন করেছেন।

শারীরবিদ্যা বিভাগের ডক্টর শ্রীসতী চক্রবর্তী ইউ জি সি সিনিয়র গবেষকরূপে যোগ দিয়েছেন, ডিমনস্ট্রেটররূপে যোগ দিয়েছেন এই বিভাগে শ্রীগৌতমলাল চক্রবর্তী ও শ্রীঅঞ্জন বিশ্বাস।

ইংরেজী বিভাগে শ্রীসুকান্ত চৌধুরী অধ্যাপকরূপে জানুয়ারি মাস থেকে অস্থায়ী নিয়োগের ভিত্তিতে এই কলেজে যোগদান করেছেন।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগে শ্রীফণীন্দ্রনাথ ভট্টাচার্য শ্রীপার্থ চট্টোপাধ্যায়ের জায়গায় সহকারী অধ্যাপকরূপে যোগদান করেছেন।

গণিত বিভাগের ডক্টর শ্রীফটিকচাঁদ চট্টোপাধ্যায় জুন মাসে অধ্যক্ষ হিসাবে ঝাড়গ্রাম রাজ কলেজে যোগদান করেছেন। ডক্টর শ্রীকৈলাসনাথ ভট্টাচার্য জুলাই মাসে অবসর গ্রহণ করেছেন। ডক্টর শ্রীপঞ্চানন রায় সহকারী অধ্যাপক হয়ে হুগলি কলেজে যোগদান করেছেন, তাঁর জায়গায় এসেছেন লেকচারার ডঃ শ্রীরথীন্দ্রনাথ দাস। ফেব্রুয়ারি মাসে সহকারী অধ্যাপকরূপে যোগদান করেছেন ডক্টর শ্রীনন্দদুলাল চক্রবর্তী। ডক্টর শ্রীফটিকচাঁদ চট্টোপাধ্যায়ের জায়গায় সহকারী অধ্যাপকরূপে শ্রীসাধনকুমার মাপা যোগদান করেছেন।

পদার্থতত্ত্ব বিভাগে ডক্টর শ্রীশ্যামল সেনগুপ্ত অধ্যাপকরূপে যোগদান করেছেন ডঃ পি কে সেন চৌধুরীর জায়গায়। লেকচারার শ্রীসলিলকুমার সরকার ও শ্রীদিলীপকুমার ভট্টাচার্য সহকারী অধ্যাপকের পদে উন্নীত হয়েছেন। শ্রী ভট্টাচার্য যোগদান করেছেন দার্জিলিং সরকারী কলেজে, আর শ্রী সরকার এই কলেজেই ডঃ শ্রী এন সি মুখোপাধ্যায়ের জায়গায় যোগদান করেছেন সহকারী অধ্যাপকরূপে। লেকচারার শ্রীদেবীপ্রসাদ মিত্র ও শ্রীমুরারিমোহন সামন্ত যথাক্রমে হুগলি মহসিন কলেজ ও বারাসত সরকারী কলেজ থেকে এখানে যোগদান করেছেন। শ্রীদেবীপ্রসাদ সরকারের জায়গায় শ্রীগৌরী সান্যাল লেকচারাররূপে যোগদান করেছেন।

প্রাণিতত্ত্ব বিভাগের লেকচারার শ্রী এ এন দে চন্দননগর কলেজে যোগদান করেছেন।

বাংলা বিভাগের সহকারী অধ্যাপক শ্রীমদনমোহন কুমার অধ্যাপকপদে যোগ দিয়েছেন বারাসত সরকারী কলেজে। ডক্টর শ্রীভবতোষ দত্ত সহকারী অধ্যাপক থেকে অধ্যাপকের পদে উন্নীত হয়ে কুচবিহার আচার্য ব্রজেন্দ্রনাথ শীল কলেজে যোগদান করেছেন। অনুরূপভাবে শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায়ও অধ্যাপকরূপে হুগলি মহসিন কলেজে যোগদান করেছেন। শ্রীমদনমোহন কুমারের জায়গায় সহকারী অধ্যাপকরূপে যোগদান করেছেন ডক্টর শ্রীআদিত্যপ্রসাদ মজুমদার। তিনি এই কলেজেই লেকচারার ছিলেন। তাঁর জায়গায় যোগদান করেছেন ডক্টর শ্রীঅমরেন্দ্রকুমার গণাই, কৃষ্ণনগর সরকারী কলেজ থেকে বদলি হয়ে তিনি এসেছেন।

উদ্ভিদতত্ত্ব বিভাগের অধ্যাপক শ্রী এইচ সি গাঙ্গুলি অবসরগ্রহণ ক'রে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও বিভাগীয় প্রধান হয়েছেন, ডক্টর সি টি দত্তও সহকারী অধ্যাপকরূপে অবসরগ্রহণ ক'রে লেকচারাররূপে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন। সহকারী অধ্যাপক ডক্টর শ্রী এ কে কর অধ্যাপক ও বিভাগীয় প্রধান হয়ে দার্জিলিং সরকারী কলেজে যোগদান করেছেন। শ্রী টি চক্রবর্তী চাকরি ছেড়ে দিয়ে উচ্চশিক্ষার জন্যে আমেরিকা যুক্তরাষ্ট্রে গেছেন। লেকচারার শ্রী বি চট্টোপাধ্যায় ও সহকারী অধ্যাপক ডক্টর শ্রী এন পাল হুগলি মহসিন কলেজ থেকে এখানে যোগদান করেছেন। ১৯৭২-এর শেষের দিকে ডক্টর শ্রী এ কে চক্রবর্তী অধ্যাপক ও বিভাগীয় প্রধানরূপে কার্যভার গ্রহণ করেছেন।

ভূগোল বিভাগের লেকচারার শ্রীনীরেন সেন স্বর্গত শ্রীনিরঞ্জন দে'র জায়গায় যোগদান করেছেন।

রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ডক্টর শ্রী পি কে সেন অধ্যাপকরূপে এই কলেজেই যোগদান করেছেন, অনুরূপভাবে লেকচারার শ্রী পি কে গঙ্গোপাধ্যায় সহকারী অধ্যাপকের পদে উন্নীত হয়ে এই বিভাগেই কার্যরত আছেন। হুগলি মহসিন কলেজ থেকে সহকারী অধ্যাপক ডক্টর শ্রী এস কে সাহা এখানে যোগদান করেছেন। সহকারী অধ্যাপক ডক্টর পি কে দাস অধ্যাপকরূপে হুগলি মহসিন কলেজে যোগদান করেছেন। লেকচারার শ্রী এইচ গুপ্ত, ডক্টর শ্রী এম দাশগুপ্ত এবং ডক্টর এল এন সাহা এঁরা সকলে সহকারী অধ্যাপকের পদে উন্নীত হয়ে যথাক্রমে বি ই কলেজ, কৃষ্ণনগর সরকারী কলেজ ও দার্জিলিং সরকারী কলেজে যোগদান করেছেন। লেকচারার ডক্টর শ্রী এম কে দত্ত রীডার হিসাবে সাহা ইনস্টিটিউট অব নিউক্লিয়ার ফিজিক্সে যোগদান করেছেন। পোস্ট ডক্টর্যাল রিসার্চ ফেলো হিসাবে বার্ন বিশ্ববিদ্যালয়ে যোগদানের জন্যে লেকচারার ডক্টর শ্রী কে এল ঘটককে শিক্ষামূলক ছুটি মঞ্জুর করেছেন সরকার।

অর্থনীতি বিভাগের অধ্যাপক শ্রী এ কে বাগচি এক বছরের জন্যে ছুটি নিয়ে ইংল্যান্ডের ব্রিস্টল ও কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে গেছেন। সহকারী অধ্যাপকরূপে শ্রীগৌতম ভট্টাচার্য এখানে যোগদান করেছেন।

অ্যাকাউন্টস অফিসার শ্রীমণিকুমার গঙ্গোপাধ্যায় এ জি অফিসে বদলি হয়ে যান। শ্রীসুরথনাথ মৈত্র তাঁর স্থলে যোগদান করেছেন।

আপিসের টাইপিস্ট শ্রীসন্তোষকুমার বন্দ্যোপাধ্যায় স্টেট সেন্ট্রাল লাইব্রেরীতে বদলি হয়ে গেছেন। শ্রীশম্ভুনাথ চট্টোপাধ্যায় তাঁর স্থলে যোগদান করেছেন।

### বিভিন্ন অধ্যাপকের বিদেশযাত্রা ও অন্যান্য নিয়োগ ও গবেষণা

ভূতত্ত্ব বিভাগের ডক্টর শ্রী এ কে সাহা দুদিনের এক প্যানেল আলোচনায় যোগদান করেন ব্যাঙ্গালোরে। ১৯৭২ সালের ডিসেম্বর মাসে এই আলোচনার উদ্যোগ করেন জিওলজিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া। আলোচনার বিষয়বস্তু ছিল ধাতব আবিষ্কারের নমুনা পরীক্ষার সমস্যা নিয়ে। ১৯৭৩ সালে অক্টোবর মাসে নতুন দিল্লীতে ধাতব আবিষ্কারের কৌশলসম্পর্কিত সাম্প্রতিক গতিপ্রকৃতির ওপর যে ভারত-রুশ সিম্পোজিয়াম অনুষ্ঠিত হ'ল, তাতেও ডক্টর শ্রী সাহা যোগদান করেন। এই সিম্পোজিয়ামের আয়োজন করেছিলেন ইন্ডিয়ান ন্যাশনাল সায়ান্স অ্যাকাডেমি ও ইউ এস এস আর অ্যাকাডেমি অব সায়ান্স।

এই কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মিলিত প্রচেষ্টায় গত পুজোর সময় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সেন্টার ফর স্টাডিজ ইন সোশ্যাল সায়ান্সেজের উদ্যোগে এই বিভাগের নবীন অধ্যাপকদের জন্য রিফ্রেশার কোর্স প্রবর্তিত হয়, তাতে বিশেষ সাড়া পাওয়া গেছে, দীর্ঘদিনের চাহিদাও মিটেছে।

উদ্ভিদতত্ত্ব বিভাগের লেকচারার ডক্টর শ্রী পি কে বসু কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পি-এইচ ডি ডিগ্রি পেয়েছেন। এই বিভাগের দুজন সাইটোজেনেটিক্যাল সমস্যা ও অপরজন মাইক্রোবায়োলজির ওপর গবেষণা করছেন।

রসায়ন বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডক্টর শ্রী এস সি সোম বিশ্লেষণাত্মক রসায়নে সাম্প্রতিক গতিপ্রকৃতির ওপর একটি বক্তৃতার জন্যে ডিসেম্বর মাসে ইন্ডিয়ান কেমিক্যাল সোসাইটির সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠান কমিটি আয়োজিত সিম্পোজিয়ামে আমন্ত্রিত হয়েছেন।

বাংলা বিভাগের লেকচারার শ্রী এইচ রায় এলিঅটের 'দ্য ওয়েস্টল্যান্ডে'র পঞ্চাশ বর্ষ পূর্তি উপলক্ষ কলকাতার আমেরিকা যুক্তরাষ্ট্রের ইনফরমেশন সার্ভিস আয়োজিত দুই দিনের এক সিম্পোজিয়ামে আমন্ত্রিত হয়ে 'ট্রানস্লেটিং দ্য ওয়েস্টল্যান্ড' শীর্ষক একটি প্রবন্ধ পাঠ করেন।

ভূগোল বিভাগের বিভাগীয় প্রধান ডক্টর শ্রী এ বি চট্টোপাধ্যায় ফার্স্ট ন্যাশনাল কনফারেন্স অ্যান্ড সেমিনার অব বাংলা দেশ ন্যাশনাল জিওগ্রাফিক্যাল অ্যাসোসিয়েশন ঢাকা, বাংলা দেশ, ও ইন্ডিয়ান সায়ান্স কংগ্রেস অ্যাসোসিয়েশনের ৬১তম সেশনে এবং হাওড়া বিজ্ঞান পরিষদে শহর ও দেশের পরিকল্পনার ওপর বক্তৃতা দেবার জন্যে আমন্ত্রিত হয়েছেন। তিনি 'অন সোশ্যাল ও সেট্‌ল্‌মেন্ট জিওগ্রাফি'র ওপর গবেষণা করছেন, 'আর্বান জিওগ্রাফি'র ওপর শ্রীনীরেন সেন, 'আর্থনীতিক ও সামাজিক ভূগোলের' ওপর শ্রী পি কে মুখোপাধ্যায়, 'জিওমর্ফোলজি'র ওপর শ্রী এস আর বসু, 'আর্থনীতিক ভূগোলের' ওপর শ্রী পি এন রায়, 'মাটি ও জমির ব্যবহার' বিষয়ে ডক্টর শ্রী পি কে সাহা, 'ভূগোলে শিক্ষা ও ঐতিহাসিক ভূগোলের' ওপর শ্রী এস ঘোষ গবেষণা করছেন।

প্রাণিতত্ত্ব বিভাগের শ্রীচঞ্চল সিন্‌হা বিভিন্ন প্রকার রক্তবীজাণুর ওপর কাজ করছেন। ম্যালেরিয়া বীজাণুর ওপর শ্রীতরুণ পাল, পরগাছা তত্ত্বের ওপর শ্রীমতী স্বপ্না ঘোষ, স্পঞ্জের ওপর শ্রীমতী স্নিগ্ধা দাস, পরজীবী আর্থ্রোপোড্‌স্‌-এর ওপর শ্রীতরুণ পাল কাজ করছেন।

জুরিখে পদার্থবিদ্যায় শক্তি নিয়ে বর্তমানে যে পরীক্ষা-নিরীক্ষা চলছে, তারই পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ করছেন পদার্থতত্ত্ব বিভাগের কিছুসংখ্যক অধ্যাপক।

এই বছরের ১১ জানুয়ারি কলা বিভাগের গ্রন্থাগার ভবনে স্বর্গত অধ্যাপক তারকনাথ সেনের কণ্ঠে কালিদাস, শেক্সপিয়র, রবীন্দ্রনাথ ও টি এস এলিঅটের কবিতার আবৃত্তি টেপরেকর্ডে বাজানো হয়। স্বর্গত অধ্যাপক সেনের লেখার একটি সংকলন 'এ লিটারেরি মিসেল্যানি' অধ্যক্ষকে দেওয়া হয় এই অনুষ্ঠানে; অধ্যাপক সেনের এই গ্রন্থটি সম্পাদনা করেছেন এই কলেজের ইংরেজি বিভাগের ভূতপূর্ব অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডক্টর শ্রীসুবোধচন্দ্র সেনগুপ্ত। ডক্টর শ্রী সেনগুপ্ত টি এন সেন পাবলিকেশন কমিটির চেয়ারম্যান, তিনিই অধ্যক্ষকে বইটি উপহার দেন।

দর্শন বিভাগের সহকারী অধ্যাপক ডক্টর শ্রীসুধীরকুমার নন্দী বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সেন্টার অব অ্যাডভান্সড স্টাডি ইন ফিলোজফি থেকে আমন্ত্রিত হয়ে কতকগুলি বক্তৃতা দেন, বক্তৃতার বিষয় ছিল অবনীন্দ্রনাথের নন্দনতত্ত্ব। ক্ষুদিরাম বসু লেকচারাররূপে কলকাতা বিশ্ববিদ্যালয়ে ব্রজেন্দ্রনাথ শীলের নন্দনতত্ত্বের ওপর তিনি অনেকগুলি বক্তৃতা দেন। কলকাতা ন্যাশানাল ইনটিগ্রেশন কাউন্সিলের উদ্যোগে আয়োজিত ভারতীয় সংহতির ওপর একটি সেমিনারে ডক্টর শ্রী নন্দী সংযোগ-বিধায়করূপে কাজ করবার জন্যে আমন্ত্রিত হয়েছেন। তিনি বঙ্গীয় সাহিত্য পরিষদের সহকারী সম্পাদক নির্বাচিত হয়েছেন এই বছরে।

প্রাণিতত্ত্ব বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডক্টর শ্রী বি দাশগুপ্ত প্রাচ্যের কীটের ওপর এক সিম্পোজিয়ামে মেডিক্যাল ও ভেটেরিনারি শাখায় সভাপতিত্ব করেন, অনুষ্ঠানটি হয়েছিল কলকাতা বিশ্ববিদ্যালয় ও ইউ জি সির উদ্যোগে। দার্জিলিংয়ের হিমালয়ান জুলজিক্যাল পার্কের রিসার্চ কমিটির সভ্য হিসাবে ডক্টর শ্রী বি দাশগুপ্তের নাম গৃহীত হয়েছে। জুনে

অনুষ্ঠিত কমিটির সভাতে তিনি সভাপতিরূপে কাজ করেন। প্রাণিতত্ত্ব বিষয়ে গবেষণা সংক্রান্ত বার্ষিক পত্রিকায় নিয়মিত লেখার জন্যে কলকাতার জুলজিক্যাল সোসাইটি কর্তৃক তিনি আমন্ত্রিত হয়েছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অবৈতনিক লেকচারার নিযুক্ত হয়েছেন তিনি।

অর্থনীতি বিভাগের শ্রীরমাপ্রসাদ সেনগুপ্ত কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ ডি ডিগ্রি লাভ করেছেন এই বছর, তাঁর গবেষণার বিষয়বস্তু ছিল—Allocation of Resources over the Sectors of Different Regions in a Planned Federal Economy.

এই বিভাগের গবেষণা শাখা আরো শক্তিশালী হয়েছে। ডক্টর শ্রী এস কে রাও, পিএইচ ডি (ক্যান্টাব), রিসার্চ অ্যাসোসিয়েটরূপে যোগদান করেছেন, সিনিয়ার রিসার্চ ফেলোরূপে যোগদান করেছেন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের শ্রী এন আগরওয়ালা, শ্রীমতী অপরাজিতা চক্রবর্তী, জুনিয়র রিসার্চ ফেলোরূপে যোগদান করেছেন শ্রীমতী লিপি বন্দ্যোপাধ্যায়, শ্রীপিনাকী-প্রসাদ মিত্র, শ্রীভুবনেশ মিত্র ও শ্রীমতী ধীরা ঘোষ। হিন্দুস্তান স্টিল লিমিটেডের অর্থে অর্থনীতি বিভাগ একটি নিরীক্ষা চালাচ্ছেন, বিষয়টি হ'ল—Problems of Planning for Investment in Indian Iron and Steel Industry : The Hindustan Ltd ; A case study : ১৯৭৪-এর মাঝামাঝি এর রিপোর্ট শেষ হবে আশা করা যায়। শ্রীমতী সুস্মিতা রক্ষিত পিএইচ ডি ডিগ্রির জন্যে কলকাতা বিশ্ববিদ্যালয়ে তাঁর গবেষণাপত্র দাখিল করেছেন, গবেষণার বিষয়বস্তু হ'ল—'A Study of Selected Manufacturing Industries.'

এ বছর নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলনে বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ডঃ শ্রীহরপ্রসাদ মিত্র কবিতা শাখায় আলোচনার জন্যে আমন্ত্রিত হয়েছেন।

### শিক্ষামূলক ভ্রমণ ও সেমিনার

প্রেসিডেন্সি কলেজে শিক্ষামূলক ভ্রমণের সুপ্রচুর ব্যবস্থা আছে। বিশেষ ক'রে বিজ্ঞানের ছাত্রদের পক্ষে এর প্রয়োজনীয়তা অনস্বীকার্য। এই বছরের অনুষ্ঠিত বিভিন্ন বিভাগের ছাত্রদের বহির্যাত্রার একটি সংক্ষিপ্ত তালিকা দেওয়া হ'ল—

অগাস্ট মাসে সংখ্যাতত্ত্ব বিভাগের দ্বিতীয় বর্ষের সাম্মানিক ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সরকারের ব্যুরো অব্ অ্যাপলাইড ইকনমিকস এ্যান্ড স্ট্যাটিস্টিক্স পরিদর্শনে যান। সেপ্টেম্বর-অক্টোবর মাসে সংখ্যাতত্ত্ব বিভাগের প্রথম বর্ষ ও দ্বিতীয় বর্ষের সাম্মানিক ছাত্রছাত্রীদের নতুন দিল্লির সেন্ট্রাল স্ট্যাটিস্টিক্যাল অরগ্যানাইজেশন, ইনস্টিটুট অব এ্যাগ্রিকালচারাল রিসার্চ স্ট্যাটিস্টিক্স ও ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস ইনস্টিটিউশন-এ নিয়ে যাওয়া হয়।

ডক্টর শ্রীজটিল মুখোপাধ্যায় ও শ্রীমতী কাজল সেনগুপ্তের তত্ত্বাবধানে নভেম্বর মাসে ইতিহাস বিভাগের ছাত্রছাত্রীরা, নালন্দা রাজগির ও পাটনা ভ্রমণ করতে যান।

ভূতত্ত্ব বিভাগের প্রথম বর্ষের সাম্মানিক ছাত্রছাত্রীরা বিহার ও মধ্যপ্রদেশের কিছু অঞ্চলে ভূতত্ত্ব সম্বন্ধে জ্ঞানলাভের জন্যে যান। দ্বিতীয় বর্ষের সাম্মানিক ছাত্রছাত্রীরা বিহারের পালামৌ অঞ্চলে ভূতাত্ত্বিক মানচিত্রাঙ্কনের জন্যে যান, তৃতীয় বর্ষের সাম্মানিক ছাত্রছাত্রীরা বিহার, মধ্যপ্রদেশ ও মহারাষ্ট্র অঞ্চলে লৌহ, ম্যাঙ্গানিজ, অর্থনৈতিক ভূতত্ত্ব বিষয়ে শিক্ষালাভের জন্য যাত্রা করেন, স্নাতকোত্তর প্রথম বর্ষের ছাত্রছাত্রীরা উদয়পুর অঞ্চলের রাজস্থানে ভূতাত্ত্বিক ও আকারগত মানচিত্র অঙ্কনের উদ্দেশ্যে যান, স্নাতকোত্তর দ্বিতীয় বর্ষের ছাত্রছাত্রীরা বিহারের সিংভূমে অর্থনৈতিক ভূতত্ত্ব সম্বন্ধে শিক্ষালাভের জন্যে যান।

প্রাণিতত্ত্ব বিভাগের তৃতীয় বর্ষের সাম্মানিক ছাত্রছাত্রীরা মাদ্রাজ ও তার পার্শ্ববর্তী অঞ্চলে বেড়াতে যান। এঁদের সঙ্গে ছিলেন ডঃ শ্রী কে মিত্র ও শ্রী ডি সিন্‌হা। তৃতীয় বর্ষের পাসের ছাত্রছাত্রীরা শ্রী এ এন দে ও শ্রী এ আদিত্যের তত্ত্বাবধানে দীঘায় বেড়াতে যান।

কলকাতা বিশ্ববিদ্যালয় এই সেশন থেকে প্রাণিতত্ত্বের এম এসসি ক্লাসে ছাত্রদের ভর্তি করবার অনুমোদন দিয়েছেন প্রাণিতত্ত্ব বিভাগকে। প্র্যাকটিক্যাল ক্লাস ছাত্রেরা এই কলেজেই করবেন, থিওরিটিক্যাল ক্লাসের জন্যে কলকাতা বিশ্ববিদ্যালয়ে ক্লাস করতে যাবেন ছাত্রেরা। স্পেস্যাল পেপার নেবার জন্যে প্রাণিতত্ত্ব বিভাগের দায়িত্ব থাকবে।

ভূগোল বিভাগের ছাত্রছাত্রীরা পুজোর ছুটিতে মাদ্রাজ, মাদুরাই, কন্যাকুমারিকা, রামেশ্বরম্, ব্যাঙালোর, মহীশূরে সমভূমি ও তার পার্শ্ববর্তী অঞ্চলে মৃত্তিকা পরীক্ষার জন্যে যান, তাঁদের সঙ্গে ছিলেন শ্রী পি এন রায় ও শ্রীশ্যামল ঘোষ। জানুয়ারি মাসে এই বিভাগের ছাত্র ও শিক্ষকেরা একদিনের জন্যে কোলাঘাট ও তার আশেপাশে বেড়াতে যান।

রসায়ন বিভাগের ছাত্রছাত্রীরা কানপুর, লক্ষ্ণৌ ও দিল্লির বিভিন্ন গবেষণা পরীক্ষা কেন্দ্রে ও শিল্প প্রতিষ্ঠানে শিক্ষামূলক কর্মে বেড়াতে যান।

বাংলা বিভাগের শিক্ষক ও ছাত্রছাত্রীরা বারুইপুরে বেড়াতে যান। এ বছর জানুয়ারি ১১-১২ তারিখে বাংলা বিভাগের শিক্ষক ও ছাত্রছাত্রীরা খড়্গপুরের কাছে বিদিশা নামক স্থানে এক শিক্ষামূলক ভ্রমণে যান; সেখান থেকে আশে-পাশে ঐতিহাসিক পুরাকীর্তি দেখতে যান তাঁরা।

### গ্রন্থাগার

১৯৭৩-এর ২৫এ সেপ্টেম্বর পর্যন্ত গৃহীত হিসাবে গ্রন্থাগারের গ্রন্থসংখ্যা দাঁড়িয়েছে ১,১৩,৭৩২ এবং বাঁধানো পত্রিকার সংখ্যা ১৪,১০৭। এ ছাড়া যে সমস্ত পত্রপত্রিকা বাঁধানো প্রয়োজন তার সংখ্যাও প্রচুর। ১৯৭২-৭৩-এ কেনা বই ও পত্রিকার সংখ্যা যথাক্রমে ২১৫ ও ১২৪ খানি। এ জন্যে মোট খরচের পরিমাণ ২৮,৭৫৫·৪১ টাকা। এ ছাড়া ৯৮ খানি বই, পত্রিকা ও পুস্তিকা উপহারস্বরূপ এ বছর পাওয়া গেছে। কয়েকটি বুক র‍্যাক্ ও অন্যান্য অত্যাবশ্যকীয় গ্রন্থাগার-সরঞ্জাম ১৩,৮৬০·২৫ টাকায় এ বছর কেনা হয়েছে।

১৯৭২-৭৩-এ মোট ১,২৪,২৮৯ খানি বই ব্যবহৃত হয়েছে। এর মধ্যে বাড়িতে ব্যবহারের জন্যে ৪২,৮৪৫ খানি এবং বিভিন্ন সেমিনারে ব্যবহারের জন্যে ৭,১০৯ খানি। গ্রন্থাগারের দুটি শাখার (আর্টস ও ইকনমিক্স অ্যান্ড পলিটিক্যাল সায়েন্স গ্রন্থাগার) স্থানাভাব প্রকটতর হয়েছে। এই দুটি শাখার স্থানাভাব দূর করতে গেলে অবিলম্বে এদের সম্প্রসারণ প্রয়োজন।

ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেস দীর্ঘদিন ধরে লাইব্রেরির বিভিন্ন ফরম সরবরাহ থেকে বিরত আছে। অত্যন্ত প্রয়োজনীয় ফরমগুলি ডুপ্লিকেটর মেশিনে ছাপিয়ে গ্রন্থাগারের কাজ কোন-রকমে চালিয়ে নেওয়া হচ্ছে। সকল গ্রন্থাগার কর্মীদের উপর অতিরিক্ত কাজের চাপ এসে পড়েছে। বই বাঁধানো ও ক্যাটলগ ছাপার ব্যাপারে প্রেসের অপারগতা পূর্ববৎ। বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর করা হয়েছে।

গ্রন্থাগারে আগের চেয়ে কাজের পরিমাণ বেড়েছে—এর কারণ ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি ও বিভিন্ন বিভাগে নিয়মিত গবেষণামূলক কাজকর্ম। এই বাড়তি কাজের জন্যে অতিরিক্ত কর্মচারী নিয়োগের আবেদন কর্তৃপক্ষের নিকট বহুদিন ধরে করা হয়েছে। কাজের পরিমাণ অনুযায়ী কর্মচারী পাওয়া যায় নি। এ ছাড়া বই, শেলফ, আলমারি ইত্যাদি ঝাড়পোছের জন্যেও অতিরিক্ত কর্মচারী প্রয়োজন। এ বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, কিন্তু কোনো ফল হয় নি।

গ্রন্থাগারটি অতিরিক্ত সময় খুলে রাখার প্রস্তাব দীর্ঘদিনের। গ্রন্থাগারটি অধিকতর সময় খোলা থাকলে ছাত্রছাত্রী, শিক্ষক ও গবেষণার কর্মীদের পঠনপাঠনের বিশেষ সুবিধা হয়। বিষয়টির গুরুত্ব জানিয়ে কর্তৃপক্ষের নিকট একুশ বছর ধরে অতিরিক্ত কর্মচারী চাওয়া হয়েছে, কিন্তু কোনো ফল হয় নি।

### কলেজ অ্যাথলেটিক ক্লাব

গত কয়েক বছরের চেয়ে ১৯৭২-৭৩ সালের কলেজের ক্রীড়া বিভাগের সাফল্য আশাব্যঞ্জক। যদিও এই বছর আমাদের কলেজ দল আন্তঃ কলেজ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে নি, তবুও বিভিন্ন কলেজের সঙ্গে প্রীতি খেলায় অংশ গ্রহণ করেছে। তার মধ্যে খড়্গপুর আই আই টি অন্যতম।

এই বছর প্রাক্তন ও বর্তমান ছাত্রদলের মধ্যে প্রীতি ক্রিকেট খেলায় প্রাক্তন দলের শ্রীমিহির রায় সর্বোচ্চ ব্যক্তিগত রান ৭৭ এবং বর্তমান দলের শ্রীতিলক গাঙ্গুলী ২৮ রানের দ্বারা দলের মধ্যে এক বিশেষ স্থান অধিকার করেছিলেন।

এ বছর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে শ্রীবিজয় সুতার ও কুমারী কাজরী সেন যথাক্রমে পুরুষ ও মহিলা বিভাগে ব্যক্তিগত কৃতিত্বের অধিকারী হন। এই সভায় কলেজের প্রাক্তন ছাত্র শ্রীযুক্ত পি কে সেন মহাশয় পৌরোহিত্য করেন এবং শ্রীমতী সেন বিজয়ীদের পুরস্কার বিতরণের দ্বারা উৎসাহিত করেন।

### ছাত্রসেবায় স্বর্গত স্টার্লিং-এর প্রদত্ত অর্থ

ইংরেজি বিভাগের ভূতপূর্ব অধ্যাপক ও পরে অধ্যক্ষ. স্বর্গত মিঃ টি এস স্টার্লিং প্রেসিডেন্সি কলেজের দরিদ্র ছাত্রদের জন্যে ৮,৪২১·০৬ টাকা উইলে দান করে গেছেন।

ট্রাস্ট ফান্ড (অছি পরিচালিত ভাণ্ডার) তৈরি করবার জন্যে একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন রয়েছে। আরো প্রস্তাব করা হয়েছে যে, এই অর্থ সরকারী সিকিউরিটিতে বিনিয়োগ করা হবে। এর থেকে উৎপন্ন সুদ প্রতি বছর এই কলেজের দরিদ্র ছাত্রদের সুবিধায় দেওয়া হবে।

### প্রেসিডেন্সি কলেজ কর্মী সংস্থা

কলেজের কর্মী সংস্থা জানুয়ারি মাসে একটি অনুষ্ঠানের আয়োজন করছেন, এর জন্যে প্রস্তুতি চলছে পুরোদমে।

# বিদেশী অতিথি ও বিভিন্ন বক্তৃতামালা

**ভূতত্ত্ব বিভাগ**

Prof. E. S. Hills, an eminent Structural Geologist from Australia.

**ভূগোল**

Dr. Lata Chatterji, Rutgers University, U.S.A.

**Publication and Research work by Members of the Teaching Staff of Presidency College or by Students and Research Scholars under their guidance during 1973**

*Bengali*

**Mitra, Dr. Haraprasad**

বাংলায় শেকসপীয়র চর্চাঃ শেকসপীয়র-সমগ্র, প্রথম খণ্ড (জ্যোতি প্রকাশন, কলকাতা-১২)।

আধুনিক বাংলা গল্পে কালের তিক্ততাঃ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সুবর্ণজয়ন্তী স্মারকগ্রন্থ।

শ্রীঅরবিন্দের সাহিত্যচিন্তাঃ আলেখ্য, ১৯৭৩।

**Pal, Haranath**

কবি মোহিতলাল (২য় সংস্করণ), এস ব্যানার্জি এ্যান্ড কোং।

**Majumdar, Dr. Adityaprasad**

প্রথম বাংলা সংবাদপত্র, কালি ও কলম, পৌষ, ১৩৭৯।

শ্রীঅরবিন্দের অধ্যাত্মদর্শনের স্বরূপঃ পূর্ণযোগ, শ্রীঅরবিন্দ স্মারকগ্রন্থ ২৯ শ্রাবণ, ১৩৮০।

রবীন্দ্রনাথবিবেকানন্দ প্রসঙ্গ, দেশ, ১৯ জ্যৈষ্ঠ ১৩৮০।

রবীন্দ্র ও অরবিন্দ, দেশ, ১৫ আষাঢ়, ১৩৮০।

**Ganai, Dr. Amarendra Kumar**

মহাকবি শ্রীকৃষ্ণচৈতন্য (হোমশিখা, শ্রাবণ ১৩৮০)।

মধ্য যুগের বাংলা কাব্যে কলকাতা (হোমশিখা, অগ্রহায়ণ, ১৩৮০)।

কবি যতীন্দ্রনাথের কবিকৃতি (গবেষণা গ্রন্থ), (যন্ত্রস্থ)।

**Ray, H.**

তারাশঙ্করের রাজনৈতিক উপন্যাস (তারাশঙ্কর স্মারকগ্রন্থ)।

দুই মনীষী—তাঁদের উত্তরাধিকার (কালি ও কলম, বৈশাখ)।

আধুনিক বাংলা কবিতার প্রথম পর্ব, ১৯২০—৫০ (ডক্টর সুশীল রায় সম্পাদিত গ্রন্থ)।

ডিরোজিও ও স্কটল্যান্ডের দর্শন (কালি ও কলম)।

বাংলা ভাষা ও বিদেশী ভাষা (যুগান্তর, জুলাই ১৫)।

জীবনানন্দের কবিতায় 'ইতিহাস যান' (লা পয়েজি, জুলাই)।

শরৎচন্দ্র ও আধুনিক মানসিকতা (শরৎ সাহিত্য সম্মেলন পত্রিকা, ১৩৮০)।

Translating 'The Wasteland'.

**Mukhopadhyay, Baidyanath**

বাবু-সংস্কৃতি সম্পর্কিত—

বাবুদের কলকাতার চড়ক, দেশ, ১লা বৈশাখ, ১৩৮০;

বাবুদের বিনোদনে রঙিন পানীয়, শনিবারের চিঠি, কলিকাতা সংখ্যা, বৈশাখ-আষাঢ়, ১৩৮০;

হুজুকে কলকাতা, অমৃত, ১২ই মাঘ, ১৩৭৯।

মাইকেল মধুসূদন বনাম ক্যাপটেন রিচার্ডসন, রবিবাসরীয় আনন্দবাজার, চৈত্র, ১৩৭৯।

কবিমানসী রোজ ও পার্ক স্ট্রিটের সমাধি, রবিবাসরীয় আনন্দবাজার, শ্রাবণ, ১৩৮০।

নীলদর্পণের অনুবাদক, অমৃত, ৪ঠা আশ্বিন, ১৩৮০।

বিতর্কিত নাট্যকার দীনবন্ধু, দেশ, ২৪শে কার্তিক, ১৩৮০।

পুরনো কলকাতার নায়িকা (গ্রন্থ, যন্ত্রস্থ), জে কে রায় অ্যান্ড কোং, কলকাতা।

*English*

**Choudhury, Sukanta**

On Burton's Anatomy of Melancholy.

*Philosophy*

**Mookerjee, J. C.**

Vāda Sampurnanda Felicitation Volume, published by Yukta Pradesh Sanskrita Parishad.

ডঃ সুরেন্দ্রনাথ দাশগুপ্ত, ভারতকোষ, পঞ্চম খণ্ড।

পণ্ডিত হৃষীকেশ শাস্ত্রী, ভারতকোষ, পঞ্চম খণ্ড।

মহাপূজা ও বাঙালি, ভারতকোষ, পঞ্চম খণ্ড।

**Chakraborty, Dr. Nirod Baran**

Sri Aurobindo's Conception of Integral Knowledge—*All India Seminar in March* 1973 *at the Centre of Advanced studies in Philosophy, Visva Bharati University, Santiniketan.*

শঙ্করাচার্য, শবরস্বামী সমাজ মনোবিদ্যা, ভারতকোষ, পঞ্চম খণ্ড।

ঈশোপনিষদ ও শ্রীঅরবিন্দ, বিশ্ববাণী, পূজাসংখ্যা, ১৩৮০।

শ্রীঅরবিন্দের দর্শনে পূর্ণসত্তার প্রকৃতি, শ্রীঅরবিন্দ জন্মশতবার্ষিকী স্মারকগ্রন্থ, বিবেকানন্দ জন্মোৎসব সমিতি, কলকাতা।

**Nandi, Dr. Sudhir Kumar**

Tagore on the personal problems of the good and the beautiful, *Rabindrabharati Journal.*

Aestheticism and Industry, *Cal-Chemico Link.*

রোমাঁ রলাঁর শিল্পদর্শন, লা পয়েজি, শারদসংখ্যা।

রবীন্দ্রনাথের দৃষ্টিতে রামমোহন, কালি ও কলম, রামমোহন সংখ্যা।

শিল্প ও আনন্দ, সাহিত্য ও বিজ্ঞান পত্রিকা, শারদসংখ্যা।

Art and Utility: *Sri Aurobindo's Aesthetics,* দিব্যায়ন সংকলনগ্রন্থ।

স্যাদবাদ্ হেগেল, স্বপ্ন, স্বভাববাদ—ভারতকোষ, পঞ্চম খণ্ড।

রবীন্দ্রদর্শন অন্বীক্ষণ, ২য় সংস্করণ (যন্ত্রস্থ)।

Studies in Modern Indian Aesthetics (যন্ত্রস্থ)।

**Chakrabarty, Sri Arindam (student).**

Reputation of Existentialism (*Indian Phil. Cong. Bulletin,* 1973).

*Hindi*

**Singh, S.**

'Hind Kavitayen: Bangladesh ke Prati', *Jan-Bharati,* Bangiya Hindi Parishad.

**Seth, J.**

Bāngālādesh Aur Sāmpradāyikatā, *Jan-Bharati,* Bangiya Hindi Parishad.

*Political Science*

**Basu Ray Chaudhury, Dr. N. C.**

"Role of the College Teachers", The *Journal of Education,* Vol. XIX, 1972-73.

"দুর্নীতি প্রসঙ্গে", লোকশক্তি, শারদীয়া সংখ্যা, ১৯৭৩।

"Politics and Judgment", *Transition,* Vol. I, No. 1, 1973.

**Rai Choudhuri, Dr. S. K.**

"Public Economics" (Text-book in Bengali for Honours Courses of Universities in West Bengal) To be published shortly by the West Bengal State Book Board.

"Post-Independence Recruitment Policies in India", published in *Socialist Perspective,* June, 1973 issue.

**Mukhopadhyay, Dr. Amal Kumar**

"Indian Constitution and Social Change", Republic Day Supplement, *Amrita Bazar Patrika,* 1973.

"Is India on the High Road to Socialism?", Independence Day Supplement, *Amrita Bazar Patrika,* 1973.

"দুঃখী পশ্চিমবঙ্গ ও তার রাজনৈতিক দল", লোকশক্তি, শারদীয়া সংখ্যা, ১৯৭৩।

"Four Years of Indian Socialism", *Socialist Perspective,* Vol. I, No. II, 1973.

## *History*

**Banerji, Chandrikaprasad**

মুঙ্গের, রুশ, জাপান যুদ্ধ ও সিপাহী বিদ্রোহ—ভারতকোষ, পঞ্চম খণ্ড।

**Ghatak, Kamal Kumar**

রাজনারায়ণ বসু।

মুসোলিনী, ভারতকোষ, পঞ্চম খণ্ড।

হিন্দু নবজাগরণ ও বঙ্কিমচন্দ্র, প্রেসিডেন্সি কলেজ পত্রিকা।

ডিরোজিও ও হিন্দু কলেজ, ইতিহাস পত্রিকায় প্রকাশিতব্য।

**Mukherji, Haridas**

জাতীয় শিক্ষা পরিষদের স্বপ্ন আজিও বিফল, আনন্দবাজার পত্রিকা, ১৬ই জানুয়ারী, ১৯৭৩।

পরীক্ষা বিপর্যয় ও ছাত্রছাত্রীদের আশাভঙ্গ, (যুগ্মভাবে উমা মুখোপাধ্যায়ের সঙ্গে), যুগান্তর, ২৩শে জানুয়ারী, ১৯৭৩।

পরীক্ষা বিপর্যয়—চাই নতুন আত্মসমীক্ষা (উমা মুখোপাধ্যায়ের সঙ্গে), দর্পণ, ৯ই ফেব্রুয়ারী, ১৯৭৩।

Sri Aurobindo's Dream Comes True (Jointly with Uma Mukherjee), *Amrita Bazar Patrika,* 26th January, 1973.

উচ্চমাধ্যমিকের পাঠক্রম প্রসঙ্গে, দৈনিক বসুমতী, ৩রা মার্চ, ১৯৭৩ ও ৫ই মার্চ, ১৯৭৩ ও যুগবাণী, ৭ই এপ্রিল, ১৯৭৩ ও ১৫ই এপ্রিল, ১৯৭৩।

আমাদের শিক্ষাপ্রসঙ্গে করণীয় যা, যুগান্তর, ১৩ই ফেব্রুয়ারী, ১৯৭৩।

মানসিকতার মুক্তি, যুগান্তর, ৭ই মার্চ, ১৯৭৩।

প্রবীণের প্রগল্‌ভতা ও নবীনের উচ্ছৃঙ্খলতা, যুগবাণী, ১০ই মার্চ, ১৯৭৩।

Our Educational Problem, A Rethinking, *Hindusthan Standard,* 11th March, 1973.

জাতীয় শিক্ষানীতি ও আমাদের যৌবনশক্তি, যুবমানস, পশ্চিমবঙ্গ সরকার, মার্চ, ১৯৭৩।

## *Statistics*

**Gun, A. M., Gupta, M. K. and Dasgupta, B.**

An Outline of Statistical Theory, Vol. II, World Press, Calcutta, 1973.

**Gun, A. M.**

সম্ভাবনাতত্ত্ব, বিশ্ববিদ্যাসংগ্রহ গ্রন্থমালা, বিশ্বভারতী, ১৯৭৩।

**Dasgupta, B. and Das, B. (with Chowdhury, A.)**

রাশিবিজ্ঞানের পরিভাষা, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ।

**Das, B.**

প্রতিযোগিতামূলক পরীক্ষায় যোগ্যতাবিচার, পরিসংখ্যান, জানুয়ারী, ১৯৭৩।

'পরিসংখ্যান বনাম নির্জলা মিথ্যে, রবিবাসরীয় আনন্দবাজার, ১৮ই ফেব্রুয়ারী, ১৯৭৩।

**Ghosh, S.**

'A few comments on sufficiency, general measure and efficiency', *Sankhya* (forthcoming).

*Physiology*

**Mukherjee, A. K. and Chakraborty, S.**

Gross lipid metabolism and testoterone, *Endokrinologie,* 61, 21, 1973.

**Mukherjee, A. K., Roychoudhury, N. N. and Pal, R.**

Study of pH value and creatinine content of liquor Amunii in Foetal distress, *J. Ind. Med. Ass.,* 61, 73, 1973.

*Geology*

**Banerji, Dr. A. K.**

On the sequence of granitic rocks along the western part of the Singbhum Shear Zone, Bihar, *Jour. Geol. Min. Met. Soc. India,* Vol. 44, pp. 217-220, 1972.

**Saha, Dr. A. K.**

Petrogenetic and Structural evolution of the Singbhum granitic complex, E. India, Rept, 24th, *Int, Geol. Congr., Canada,* Sec. 2, 1972.

Importance of the petrogenesis of granitic rocks in mineral exploration, Vol. 13, 1973.

**Saha, Dr. A. K. (with Sankaran, A. V. and Bhattacharyya, T. K.)**

Geochemistry of Newer dolerite suite of intrusions within the Singhbhum Granite, *Jour. Geol. Soc. India,* Vol. 14, No. 4, 1973.

**Saha, Dr. A. K. (with Lakshmipathy, Dr. S., Sankaran, A. V. and Bhattacharyya, T. K.)**

A statistical study of the trace-element distribution in the magmatic members of Singbhum Granite, *Proc. Ind. Nat. Sci. Acad.,* Vol. 39, No. 3, 1973.

**Gangopadhyay, Dr. P. K.**

Structure and tectonics of Alwar Region in north eastern Rajasthan, India, with special reference to Precambrian stratigraphy, Proc. 24th, *Int. Geol. Cong., Canada,* Sec. 1, pp. 118-125, 1972.

**Gangopadhyay, Dr. P. K. (with Mukhopadhyay, M. K.)**

Rotational garnets and quartz micro-fabric in Si and Se: an example from metamorphic rocks around Takdah, Darjeeling district, West Bengal, *Himalayan Geology,* Vol. 3, pp. 162-175, 1973.

**Mukhopadhyay, Dr. D.**

Strain measurement from deformed quartz grains in the slaty rocks from the Ardennes and North Eifel, *Tectonophysics,* Vol. 16, 1973.

**Bose, Dr. M. K.**

Petrology and Geochemistry of the Igneous Complex of Mt. Girnar, Gujarat, India, *Contr. Mineral and Petrol,* V. 39, 1973.

Deccan Volcanism and the Indian Plate Seminar, Geodynamics, Himalayan Region, Hyderabad, 1973.

**Bose, Dr. M. K. (with Dasgupta, D. K.)**

Petrology of the nepheline syenites of Mundwara, Sirohi, Rajasthan, *Geol. Mag.,* V. 110, No. 4.

**Dasgupta, P. K. (with Mukherjee, Dr. B.)**

Depositional environment of the upper member of "Muth Quartzite" from Spiti and Kuti regions, Central Himalayas, India, Proc. 24th, *Int. Geol. Cong., Canada,* Sec. 6, 1972.

**Chakrabarti, M. B.**

On some aspects of the Precambrian Banded Iron Formations of South Singbhum, E. India, Proc. Sec. III, *Seminar on Orogenesis and Metallogenesis in the Precambrians of India, Dhanbad,* February, 1973.

Fossil Magnetism of Rocks, *Science Reporter,* May, 1973, pp. 217-220.

Reply to discussion on "Fossil Magnetism of Rocks", *Science Reporter,* July, 1973, pp. 353-354.

**Deb, Dr. S. K.**

Outline of the Metallogenetic Division of the Peninsular Shield, Proc. Sec. I, *Seminar on Orogenesis and Metallogenesis in the Precambrians of India, Dhanbad,* February, 1973.

**Chattopadhyay, B.**

On migmatites around Inderwa, Hazaribagh district, Bihar, *Jour. Ind. Acad. Geoscience,* V. 15, pp. 61-80, 1973.

**Bhattacharyya, Dr. C.**

Petrology of the leptynites and garnetiferous granite-gneiss around Garbham, Srikakulam district, Andhra Pradesh, *Jour. Geol. Soc. India,* V. 14, pp. 113-123, 1973.

**Ghosh, S.**

Statistical appraisal of mineralogical variation in a part of Singbhum Granite Complex around Asana, Mayurbhanj district, Orissa, *Ind. Geologists' Assn.*, V. 6, No. 2, 1973.

## *Geography*

**Chatterjee, A. B.**

"Change in the Structure and Pattern of Industries: A Micro-level Case Study", *Industrial Situation in India,* Vol. II, No. 3, July, 1973.

"Geography as a Research Discipline" (Paper submitted to Indian Science Congress, 1974).

"Udaipur—An Urban Study of a Walled City" (Jointly with Sri Sen, J., submitted to Indian Science Congress, 1974).

**Basu, S. R.**

ভাগীরথী উপত্যকায় বর্ষার জলসঞ্চয়, বিচিন্তা, ২য় বর্ষ, ৯ম সংখ্যা।

Took part in the preparation of the following:

Interim Report of the Working Group on Basis and Gaps in Information on Hydrology in West Bengal—Reported along with other members to the State Planning Board, West Bengal Government.

Final Report of the Working Group on Basis and Gaps in Information on Hydrology of West Bengal—Reported along with other members to the State Planning Board, West Bengal Government.

**Roy, P. N.**

"Index of Industrial Diversification in the Calcutta Metropolitan District, 1951-1961", *Industrial Situation in India,* Vol. II, No. 4, October, 1973.

**Saha, Dr. P. K.**

"An appraisal of Crop response to the Chemical capacity of soils", *Geographical Review of India,* June, 1973, Vol. XXXV, No. 2.

**Chatterjee, Dr. A. B.** has been invited to the following:

1. First National Conference and Seminar of Bangladesh National Geographical Association, Dacca, Bangladesh.
2. 61st Session of the Indian Science Congress Association.
3. Invited and gave a talk on "Town and Country Planning" in the Howrah Vijnan Parishad.

*Chemistry*

**Shome, S. C. and Gangopadhyay, P. K.**

Ω-Hydroxy-thiobenz-hydrazide—a selective reagent for the spectrophotometric determination of ruthenium. *Anal. Chim. Acta., 65,* 1973, 216.

**Gangopadhyay, P. K., Das, H. R. and Shome S. C.**

Spectrophotometric determination of platinum (IV) with Ω-Hydroxy-thiobenzhydrazide. *Anal. Chim. Acta,* 1973 (in press).

**Shome, S. C., Ray, M. P. and Mazumdar, M.**

Thiosalicylamide as a reagent in inorganic analysis. *J. Ind. Chem. Soc. (Golden Jubilee Edition,* 1973).

**Das, D. K. and Shome, S. C.**

Spectrophotometric determination of Osmium with N -α- (5-bromo) Pyridyl-N′-Benzoyl thiourea. Convention of Chemists, 1973.

**Haldar, P. K. and Shome, S. C.**

Spectrophotometric determination of Iridium with N -α- (5-bromo) Pyridyl-N′-Benzoyl thiourea. Convention of Chemists, 1973.

**Chowdhury, M., Mukherjee, R. K. and Bera, S. C.**

J-value of $^2$E-State of $K_3Cr(CN)_6$ and the lower Symmetry Field. *Chemical Physics,* 1973 (accepted).

**Chatterjee, D. N. and Banerjee, T. K.**

Studies in the Rearrangement of spiranes—Part III. *Current Science,* 1973 (accepted).

**Sen, Parimal Krishna, Bnennan, Thomas B. and Gilman, Henry.**

Oxidation of Dodecamethyl-Cyclohexasilane. *Ind. J. of Applied Chemistry,* 1973 (accepted).

**Sen, Parimal Krishna, Bnennan, Thomas B. and Gilman, Henry.**

Reaction of some gem-Dihalides with 1, 4-Dilithiooctaphenyl-tetrasilane and 1, 5-Dilithio-decaphenylpentasilane. *J. Ind. Chem. Soc.* (1973) (accepted).

**Sen, Parimal Krishna.**

Synthesis of few linear Organofrolysilanes. *J. Ind. Chem. Soc. (Golden Jubilee,* 1973) (communicated).

**Das, P. K.**

Catalytic evolution of hydrogen in presence of weak acids. *J. Chem. Soc. (Dalton),* 1973 (accepted).

**Das, P. K. and Panda, K. K.**

A novel compound of molybdenum with hvdrazine. Int. Conference on Chemistry of Molybdenum (UK), (1973).

**Das, P. K. and Saha, P. K.**

Spectrophotometric studies of charge transfer in some binuclear iron (III) complexes. *Convention of Chemists,* 1973.

*Mathematics*

**Das, Dr. Rathindranath.**

The Effect of Couple-stress on stress Distribution and its application to plane-strain.

(to be published in (1) Review Roumanica paper I.
(2) A.I.A.A. (U.S.A.) paper II.)

*Botany*

**Basu, P. K.**

A rapid method from the determination of the leaf area of *Oxalis corniculate* L and Tephrosia purpuria (L) pers. in *Annals of Botany* (Clarendon Press, Oxford), V. 33, No. 129, Jan. 1969, pp. 77-82.

**Basu, P. K. and Gangulee, S. N.**

Chemical examination of the leaves of *Tephrosia wallichii* Grahm, *Trans. Bose Res. Instt.,* 35(1), pp. 1-3, 1972.

*Physics*

**(a) Ghoshal, S. N. and his assistants:**

**(i) Ghoshal, Dr. S. N., Dutta, N. C., Mitra, N. N. and Banerjee, A.**

Title: Construction and operation of a 90° Nier type single focussing Mass-spectrometer, *Indian Journal Physics* (V. 47, 53-57, 1973).

**(ii) Ghoshal, Dr. S. N., Mitra, N. N. and Das, M.**

Title: Study of the variation of resolving power of a Mass-spectrometer using inert gases, *Proceedings of the Indian Congress,* 1973.

**(b) Basak, B. S. and his research assistants:**

The following two obtained Ph.D. Degree under the guidance of Prof. B. S. Basak, 1973.

**Lahiri, B. N., M.Sc. and Sen, D. K., M.Sc.**

**(i) Banerjee, Asok**

Title: Crystal and Molecular structure of Dibenzofuran, *Acta Crystallographica* (in press), 1972.

**(ii) Banerjee, Asok**

Title: Crystal and Molecular structure of Dibenzofuran, *Indian Journal of Physics,* V. 481-483, 1972.

**(iii) Banerjee, Asok**

Title: Crystal Data on Androsterone, *zeit-Kristallo,* V. 134, pp. 152-155, 1971.

**(iv) Sen, Mina**

Title: Space-group of Phenanthroline-hydrate, *Acta Crystallographica.* (Accepted for publication, 1973).

**(v) Ray Chaudhury, P**

Title: Crystal and Molecular structure of Phenanthridine, *Acta Cryst.*, V. 29, page 1362, 1973.

**(c) Raychaudhury Dr. A. K. and his assistants**

**(i) Raychaudhury, Dr. A. K. and Dutta, A. K.**

Title: Cosmological solution with a condensation, *Indian Journal Physics*, V. 47, pp. 120-122, 1973.

**(ii) Raychudhury, Dr. A. K. and Dutta, A. K.**

Title: Tachyons and Gravitation, *Journal Mathematical Physics* (in press).

**(iii) Raychaudhury, Dr. A. K. and Dutta, A. K.**

Title: Null electro-magnetic fields in space of high symmetry, *Journal Mathematical Physics* (in press).

**(d) Bera, K. and Datta. B. K.**

Title: Non-static Electromagnetic Fields in General Relativity, accepted for publication in *General Relativity and Gravitation*, Switzerland.

**(e) Banerjee, Tulshidas**

(i) Title: On a Generalised Legendra Polynomial, *Ganita*, Lucknow (sent for publication, 1973).

(ii) Title: A note on Incomplete Gamma Function, *Calcutta Math. Society* (Accepted for publication, 1972).

*Zoology*

On the collection and rearing of black-flies (Simuliidae: Diptera) of Darjeeling, by M. Dutta and B. Dasgupta. *Indian Biologist*, 1973, 4, pp. 54-59.

Host-preference of black-flies (Simuliidae: Diptera) in Darjeeling, by M. Dutta and B. Dasgupta. *Symposium, Oriental Entomology*, Calcutta University, 1973, pp. 52-53.

Synanthropy of flies (Muscidae, Calliphoridae, Sarcophagidae: Diptera) in Siliguri, by P. Roy and B. Dasgupta. *Symposium, Oriental Entomology*, Calcutta University, 1973, pp. 54-55.

Polarity determination in the mid-gastric filaments of Hydra, by D. Chakravarty. (Abstract). *Indian Science Congress Association.*

Germinating capacity of the gemmules of *Ephydatia meyeri* in floating condition, by Sm. Snigdha Das.

# APPENDIX I

## B.A., B.Sc. Parts I and II Examinations

(Results of 1972 not yet received from the University)

# APPENDIX II

## AWARDS OF MEDALS AND PRIZES TO STUDENTS OF THE COLLEGE BY THE UNIVERSITY

### Awards on the Results of the B.A. and B.Sc. Part II Examination, 1972 and M.A. and M.Sc. Examination, 1971

(List of awardees not yet received from the University)

# APPENDIX III

## AWARDS OF MEDALS AND PRIZES BY THE COLLEGE

*Awards on the results of the B.A. and B.Sc. Part I Examination, 1971*

| Serial No. | Name of the student | Name of Prizes and Medals | Particulars |
|---|---|---|---|
| 1. | Sri Santosh Iyer (Roll No. 40.) | Scindia Gold Medal now gold centred and Gwallior Prize Books valued Rs. 12·00 | 1st from the College in Honours in Part I Science Examination. 1971. |
| 2. | Sm. Chhanda Mukherjee (Roll No. 115). | Ditto. | 1st from the College in Hons. in Part I, Arts Exam. 1971. |
| 3. | Sri Sivaji Saha (Roll No. 33) | Arun Sarkar Memorial Medal. | Highest marks in Bengali Hons. in Part I Arts Exam. among the students of the college. |
| 4. | Sri Pratip Gupta (Roll No. 106). | Chandranath Maitra Medal. | Highest marks in Geology Hons. in Part I Science Examination among the students of the college. |

*On the results of B.A. and B.Sc. Part I Examination, 1972*

| Serial No. | Name of the student | Name of Prizes and Medals | Particulars |
|---|---|---|---|
| 1. | Sri Achintya Kr. Pal (Roll No. 20). | Scindia Gold medal now Gold centred and Gwallior Prize Books valued Rs. 12·00 | 1st from the college in Honours in Part I Science Examination, 1972. |
| 2. | Sm. Krishna Roy (Roll Ho. 2). | Ditto. | 1st from the college in Hons. in Part I Arts Exam., 72. |
| 3. | (a) Sm. Anjana Guha (Roll No. 50) (b) Sri Jyotirmoy Chatterjee (Roll No. 58), (c) Sm. Ranjana Dasgupta (Roll No. 66). | Arun Sarkar Memorial Medal. | Highest marks in Bengali Hons. in Part I Arts Examination 1972 among the students of the College. |
| 4. | No Student | Harish Chandra Kaviratna Prize Books valued Rs. 10·00 | Highest marks in Sanskrit. |
| 5. | Shri Sudip Kr. Bose (Roll No. 150). | Chandra Nath Maitra Medal. | Highest marks in Geology Hons. in Part I Science Examination among the students of the college. |
| 6. | Sm. Bishaka Mitra (Roll No. 18). | Sri C. C. Ghosh memorial Prize Books valued Rs. 42·00 | Highest marks in Engilish Hons. in Part I Arts Exam. among the students of 3rd Yr. English Hons. Class of the college. |
| 7. | Sm. Krishna Roy (Roll No. 2). | College Prize Books valued Rs. 26·00 | Highest marks in Geography Hons. in Part I Arts and Science Examination obtained by a student of this college who has been admitted into the 3rd Year Class of this college. |

*On the results of B.A. and B.Sc. Part I Examination, 1972*

| Serial No. | Name of the student | Name of Prizes and Medals | Particulars. |
|---|---|---|---|
| 8. | Sri Kunal Chakrabarti .. (Roll No,63). | Rai Bahadur Devendra Chandra Ghosh Prize Books Valued Rs. 55·00 | Highest marks in History Hons. in Part I Examination obtained by a student of this college who has been admitted into the 3rd year Class of this college. |
| 9. | Sm. Indrani Mukherjee (Roll No. 161). | Kunja Behari Basak Medal. | Highest marks in Practical Chemistry in Part I Degree examination, 1972 in Chemistry Hons. among the Chemistry Hons. students of the college. |

*On the results of B. A. and B. Sc. (3-year Degree Course) Examination, 1972*

| Serial No. | Name of the student | Name of Prizes and Medals | Particulars. |
|---|---|---|---|
| 10. | Sri Deb Narayan Chakraborty (Roll No. 200). | Cunninghum Memorial Prize Books valued Rs. 29·00 and Acharyya Profulla Ch. Centenary Prize Books valued Rs. 112·00 | Highest marks in Chemisty Hons. in B. Sc. Exam. among the students of the college. |
| 11. | Sri Ananda Kr. Bandyopadhyay (Roll No. 65). | College Prize Books valued Rs. 26·00 | Highest marks in Chemistry Hons. among the 1st year M. Sc. students of the collge. |
| 12. | Sm. Sreelekha Ghosh (Roll No. 9). | J. C. Nag Memorial Medal. | Highest marks in Botany Hons. in B. Sc. Exam. among the students of the College. |
| 13. | Sri Tamal Dutta Chaudhuri (Roll No. 57). | J. C. Sihna Economics prize books valued Rs. 15·00 | Highest marks in Economics Hons. in the B.A. Exam. among the students of the College. |
| 14. | Sri Subir Ranjan Bhattacharyya (Roll No. 22). | Kartick Ch. Mullick Memorial Medal. | Highest marks in Philosophy Hons. in the B.A. Exam. among the students of the College. |
| 15. | Shri Alok Ch. Ghosh (Roll No. 87). | Kuruvilla Techaria Memorial Prize valued Rs. 106·00 | Highest marks in History Hons. in B.A. Exam. among the students of the College. |
| 16. | (a) Sm. Swapna Mukherjee (Roll No. 107)<br>(b) Sm. Baijaianty Banerjee (Roll No. 43). | Bani Bose Memorial Prize Books valued Rs. 44·00 | Highest marks in Bengali (Hons.) in B.A. Exam. to be distributed equally among 2(two) girl students of the College occupying the two topmost positions. |
| 17. | Sm. Supriya Dasgupta (Roll No. 18). | Prof. Amal Bhattacharyya Memorial Prize Books valued Rs. 50·00 | Highest marks in English (Hons) in B.A. Exam. among the students of the college. |
| 18. | Sri Anjan Bhattacharyya (Roll No. 33). | Swapan Saha Memorial Prize books valued Rs. 40·00 | Highest marks in Physics Hons. in B.Sc. Exam. among the students of the College. |

*On the result of M. A. and M. Sc. Examination, 1971.*

| Serial No. | Name of the student | Name of prizes and medals | Particulars. |
|---|---|---|---|
| 19. | Shri Swapan Kr. Bagchi (Roll No. 72). | Cunninghum Memorial Prize Books valued Rs. 39·00 | Highest marks in Chemistry among the students of the College. |
| 20. | Sm. Anita Ghosh (Roll No. 1) | Chandra Narayan Gold centred medal. | Highest marks in History among the students of this college. |

*On the results of 1st year Annual Examination, 1972.*

| | | | |
|---|---|---|---|
| | Sri Anup Kr. Sen (Roll No. 58) .. | Nistarani Dasi Prize Books valued Rs. 25·00 | Best Laboratory Note Books in Physics (Hons.) among the 1st Year B.Sc. class students of the College. |

## ছাত্র-সংসদের সাধারণ সম্পাদকের বিবৃতি

**এ বছর** প্রেসিডেন্সি কলেজ ছাত্র-সংসদের উদ্যোগে রবীন্দ্র-পরিষদ, নাট্য সংস্থা ও বিতর্ক সংস্থার উদ্যমে কয়েকটি অনুষ্ঠান উদ্‌যাপিত হয়। রবীন্দ্র-পরিষদের সম্পাদক শ্রীঅভিরূপ সরকারের পরিচালনায় কলেজ প্রেক্ষাগৃহে গত ১লা বৈশাখ রবীন্দ্র-উৎসব পালন করা হয়।

নবীন-বরণ উৎসব হয় অধ্যক্ষ ডক্টর প্রতুলচন্দ্র মুখোপাধ্যায়ের সভাপতিত্বে। কলেজের প্রাক্তন কৃতী ছাত্র ও বর্তমান প্রদেশ-কংগ্রেসের অন্যতম সাধারণ সম্পাদক শ্রীসৌগত রায় এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ছাত্র-সংসদের বিতর্ক সংস্থার উদ্যোগে বেশ কয়েকটি বিতর্ক ও আলোচনা সভার অয়োজন হয়। বাংলা নাটক সম্বন্ধে এই রকম এক আলোচনায় অংশ গ্রহণ করেন প্রখ্যাত অভিনেতা ও নাট্যবিদ্‌ শ্রীশম্ভু মিত্র ও শ্রীরুদ্রপ্রসাদ সেনগুপ্ত। সভাপতি ছিলেন বাংলা বিভাগের অধ্যক্ষ শ্রীহরপ্রসাদ মিত্র। অনুষ্ঠানটি খুবই মনোজ্ঞ হয়েছিল। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় যোগদান করেন বিভিন্ন কলেজের ছাত্রছাত্রী।

অ্যান্টি-অ্যাপারথিড্‌ সম্পর্কিত কয়েকটি চলচ্চিত্র প্রদর্শনী হয় গত এপ্রিল মাসে। তা ছাড়া ১২ই ডিসেম্বর কলেজ প্রেক্ষাগৃহে এক বিচিত্রানুষ্ঠান হয়। এই অনুষ্ঠানে সংগৃহীত অর্থ কলেজের দুঃস্থ ছাত্রছাত্রীদের সেবায় ব্যয়িত হয়।

জুনিয়র কমনরুম ও গার্লস্‌ কমনরুমের পরিচালনায়, সমাজসেবী সংস্থায় ও প্রচার বিভাগেও প্রশংসনীয় উদ্যমের পরিচয় পাওয়া গেছে। দুটি কমনরুমেই নানা ধরনের প্রগতিশীল পত্রপত্রিকা রাখা হয়। জুনিয়র কমনরুমের পরিচালনায় আন্তঃক্লাস টেবিল্‌ টেনিস প্রতিযোগিতা হয়। সমাজসেবা সংস্থার উদ্যোগে ইন্ডিয়ান জুনিয়র রেডক্রসের একটি শাখা খোলা হয় গত বছর, সেই শাখার কাজ ভালই চলছে। কলেজের বার্ষিক পত্রিকাটিও এখন প্রস্তুতির পথে।

জুনিয়র বারসার শ্রীভাস্কর চক্রবর্তী আয়ব্যয়ের নিখুঁত হিসাব রেখেছেন এবং সংসদের নানা কাজে তাঁর অকুণ্ঠ সাহায্য পাওয়া গেছে।

এই সূত্রে, শিক্ষার উন্নয়ন চিন্তায়, সংসদ বিশেষভাবে কয়েকটি প্রস্তাব ভেবে দেখতে সুযোগ পান—যেমন, প্রেসিডেন্সি কলেজকে অবিলম্বে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ে পরিণত করা চাই; দুঃস্থ ছাত্রছাত্রীকে সর্বপ্রকার সাহায্য দিতে হবে; বিশ্ববিদ্যালয় ও কলেজ পরিচালনায় ছাত্রপ্রতিনিধি গ্রহণের ব্যবস্থা করতে হবে; জাতীয় ইতিহাস পাঠ্যসূচীর মধ্যে গণ্য করতে হবে; শিক্ষার মাধ্যম হবে আঞ্চলিক ভাষা; কলেজ ক্যানটিন ও চীপ ক্যানটিনকে সরকার থেকে আর্থিক সাহায্য দিতে হবে; কলেজের প্রেক্ষাগৃহে শ্রুতিসহায়তার যোগ্য ব্যবস্থা চাই; কলেজের প্রতিটি বিভাগে শিক্ষক-ছাত্র আলোচনা-সমিতি গড়ে তুলতে হবে এবং কলেজ স্টাইপেন্ডের সংখ্যা বৃদ্ধি চাই।

পরিশেষে বক্তব্য যে, বর্তমানে কলেজ ছাত্র, শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের মধ্যে যে প্রীতি ও সৌহার্দ্যের সম্পর্ক বিদ্যমান, তা অটুট রাখতে আমরা দৃঢ়সংকল্প। কলেজের প্রাণচাঞ্চল্য অব্যাহত থাক।

অনিরুদ্ধ সেন

---

পশ্চিমবঙ্গ সরকারী মুদ্রণে মুদ্রিত

পবসমু-৭৩/৪-৩৮৯৭এফ-১,২০০